# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯.৬.১০. হত্যাযজ্ঞ ও গর্ভবতী মহিলাদের পেট চিরে ফেলা

ইসরাইল রাজ্যের ১৬শ বাদশাহ শল্লুম (Shallum) এবং ১৭শ বাদশাহ মেনাহেম বা মনহেম (Menahem)। শল্লুমকে হত্যা করে মনহেম বাদশাহ হয়ে বনি-ইসরাইলের কয়েকটা শহর আক্রমণ ও ধ্বংস করেন। তবে তাঁর এ ধ্বংসযজ্ঞের একটা বৈশিষ্ট্য গর্ভবর্তী স্ত্রীলোকদের পেট চিরে দেওয়া: ‘‘পরে মনহেম তির্সা থেকে বের হয়ে তিপসহ শহর এবং সেখানকার সব বাসিন্দা ও তার আশেপাশের এলাকার সবাইকে আক্রমণ করলেন (ধ্বংস ও হত্যা করলেন: smote/ killed), কারণ তারা তাদের শহর-দরজা খুলে দিতে রাজী হয় নি। সেজন্য তিনি তিপ্সহ ধ্বংস করলেন এবং সমস্ত গর্ভবতী স্ত্রীলোকদের পেট চিরে দিলেন।’’ (২ বাদশাহনামা ১৫/১৬)

সুপ্রিয় পাঠক, বাইবেলের মধ্যে, বিশেষ করে ১ ও ২ শামুয়েল, ১ ও ২ রাজাবলি এবং ১ ও ২ বংশাবলির মধ্যে এ জাতীয় হত্যা, গণহত্যা ও যুদ্ধের আরো অনেক নমুনা দেখবেন। সকল ক্ষেত্রেই কল্পনাতীত নির্মমতা, অকারণ হত্যা, গণহত্যা ও মৃতদেহের প্রতি অবমাননা লক্ষণীয়। আমরা ঠাণ্ডা মাথায় হত্যা প্রসঙ্গে আরো কয়েকটা নমুনা উল্লেখ করব বলে আশা করছি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14599

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন